# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩৩]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৪০: বসে সালাত আদায়কারী ইমামের ইকতিদা করা

## الائتمام بالإمام يصلي قاعدا

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكِبَ فَرَسًا فَصُرِعَ عَنْهُ فَجُحِشَ شِقُّهُ الْأَيْمَنُ فَصَلَّى صَلَاةً مِنَ الصَّلَوَاتِ وَهُوَ قَاعِدٌ فَصَلَّيْنَا وَرَاءَهُ قُعُودًا فَلَمَّا انْصَرَفَ قَالَ: إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا: رَبَّنَا لَكَ الْحَمْدُ وَإِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا أَجْمَعُونَ .

تخریج دارالدعوہ: صحیح البخاری/الأذان ٥١ (٦٨٩)، صحیح مسلم/الصلاة ١٩ (٤١١)، سنن ابی داود/الصلاة ٦٩ (٦٠١)، (تحفة الأشراف: ١٥٢٩)، موطا امام مالک/الجماعة ٥ (١٦)، سنن الدارمی/الصلاة ٤٤ (١٢٩١) (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 833 ـ صحيح

বাংলা

৮৩২. কুতায়বাহ্ (রহ.) ..... আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) এক ঘোড়ায় চড়লেন এবং তা হতে পড়ে তার ডান পাজরে আঘাত পেলেন। এরপর এক ওয়াক্ত সালাত বসে আদায় করলেন, আমরাও তার পেছনে বসে সালাত আদায় করি। সালাত শেষ করে তিনি বললেন, ইমাম নিযুক্ত হয় তার অনুসরণ করার জন্যে। ইমাম যখন দাঁড়িয়ে সালাত আদায় করেন, তখন তোমরাও দাঁড়িয়ে সালাত আদায় করবে। তিনি যখন রুকূ করেন তখন তোমরাও রুকু করবে। আর তিনি ইমাম যখন- "সামি আল্ল-হু লিমান হামিদাহ" বলেন তখন তোমরা বলবে- "রব্বানা- লাকাল হামদ" আর যখন ইমাম বসে সালাত আদায় করেন তখন তোমরা সকলেই বসে সালাত আদায় করবে।

## English

40. Following An Imam Who Prays Sitting Down

It was narrated from Anas bin Malik that the Messenger of Allah (ﷺ) rode a horse and fell from it, and sustained an injury on his right side. He led one of the prayers sitting, and we prayed behind him sitting. When he had finished he said: The Imam is appointed to be followed. If he prays standing then pray standing; when he bows, bow; when he says, Sami' Allahu liman hamidah (Allah hears those who praise Him), say 'Rabbana lakalhamd (Our Lord, to You be praise); and if he prays sitting then pray sitting, all of you.

### ফুটনোট

সহীহ: বুখারী ৬৮৯, মুসলিম ৪১১। [দ্রঃ ৭৯৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87206

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন